No. of Printed Pages : 4 **BBGLA-135**

# B.A. GENERAL PROGRAMME(BAG)

## Term-End Examination

## June-2025

## BBGLA-135 : Modern Indian Language : Bengali

*Duration : 3 Hours* *Maximum Marks: 100*

মুদ্রিত পৃষ্ঠার সংখ্যা : 4 **BBGLA-135**

**বিএ সাধারণ কার্যক্রম**

মেয়াদ শেষ পরীক্ষা

জুন - 2025

**BBGLA-135** : আধুনিক ভারতীয় ভাষা – বাংলা

সময় : 3 ঘন্টা সর্বোচ্চ মান : 100

---

নিচের প্রশ্নগুলির উত্তর দিন।

1. উচ্চারণগত ভাবে বাংলা স্বরধ্বনির শ্রেণীবিভাগ করুন। 10
2. "শ্রীকৃষ্ণকীর্তন" কাব্য রচনার সময়কাল নির্দেশ করে এ সম্পর্কে যা জানেন লিখুন। 10
3. "ছেলেভুলানো ছড়া" কাকে বলে উদাহরণসহ আলোচনা করুন। 10
4. "করুণাসাগর বিদ্যাসাগর" প্রবন্ধটি জীবনীসাহিত্য হিসাবে কতটা সার্থক, এর বিষয়বস্তু আলোচনা করে বুঝিয়ে দিন। 10
5. শূন্যস্থান পূরণ করুন: 10

a) ঈশ্বরের মাসিক বৃত্তি ______ সালে বন্ধ হয়ে যায়।

b) কাজেই এই ______ বাংলাদেশে কোন নতুন রক্তধারা বয়ে আনতে পারেনি।

c) রাজমহল পাহাড়ে ______ বাস।

d) ______ দিয়ে বাঁধানো নৌকায় ______ ঘোড়ার মুখ!

e) বাংলাদেশে ______ আক্রমণ এবং তার প্রভাব বাংলার জনমানস ভুলতে পারেনি।

f) নকশা অর্থাৎ স্কেচ। নকশা একধরনের ______।

g) চৈতন্যপূর্ব যুগের দুজন বিখ্যাত কবি হলেন ______ ও ______।

h) ওষ্ঠকে দুদিকে প্রসারিত করে যে স্বরধ্বনির উচ্চারণ করা হয়, তাকে ______ বলে।

i) ______ প্রিয় নবনীতা এই অপরিকল্পিত ভ্রমণের সুযোগ পেয়ে একেবারে আপ্লুত হয়ে পড়লেন।

j) মনে রাখতে হবে রবীন্দ্রনাথ তাঁর ______ উপন্যাসেও এই অখন্ড ভারতবর্ষের কথা বলেছেন।

6. সঠিক উত্তর নির্বাচন করে নিচের বাক্যগুলি সম্পূর্ণ করুন: 10

a) গন্ধ বেনেদের ব্যবসা হয় ______

পিতলের / লোহার / তামার / সোনার

b) আধবুজে বাতের রুগিরা করছেন ______

সূর্য নমস্কার / মর্নিং ওয়াক / ইভনিং ওয়াক / গঙ্গাস্নান

c) চর্যাপদের আবিষ্কর্তা ছিলেন ______

হরপ্রসাদ শাস্ত্রী / চন্দ্রাবতী / বিদ্যাপতি / কৃত্তিবাস

d) গির্জার ঘড়িতে বাজল ______

রাত চারটে / দুপুর দুটো / সকাল আটটা / বেলা তিনটে

e) বাঙ্গালীদের দুর্নাম আছে ______

ভেতো বাঙালি বলে / অলস বলে / অভিমানী বলে / রাগী বলে

f) "কুড়ি" শব্দটি হল এদের দান ______

অস্ট্রিকদের / মোঙ্গোলদের / আর্যদের / মারাঠিদের

g) একদিন খেতে বসে ঈশ্বর দেখল তরকারির মধ্যে একটা ______

পিঁপড়ে / মৌমাছি / টিকটিকি / আরশোলা

h) আসামের জোড়হাটে প্রধান অতিথি ছিলেন ______

সুচিত্রা সেন / তারাশঙ্কর / নবনীতা দেবসেন / আশাপূর্ণা দেবী

i) "ভারততীর্থ" কবিতার কবি হলেন ______

রবীন্দ্রনাথ ঠাকুর / যতীন্দ্রনাথ সেনগুপ্ত / জীবনানন্দ দাশ / প্রেমেন্দ্র মিত্র

j) শঙ্খ ঘোষের প্রিয় ছাত্র ছিলেন ______

শিশির দাশ / তিমিরবরণ সিংহ / অমর মিত্র / দীনেশ দাশ

7. নিম্নলিখিত "সাধু" শব্দগুলি "চলিত"-এ রূপান্তরিত করুন - 5

কাঁদিয়া, নাই, অঙ্গুলি, ঘর্ম, পড়িতে

8. নিচের শব্দগুলির সমার্থক শব্দ লিখুন - 5

সাগর, পাহাড়, আকাশ, দুরন্ত, অশ্রু

9. নিচের শব্দগুলির বিপরীতার্থক শব্দ লিখুন - 5

কান্না, মৃত্যু, কাল, কন্যা, অশান্তি

10. "মুখ" বা "মাথা" পদের বিশিষ্ট প্রয়োগ করে পাঁচটি বাক্য রচনা করুন। 5

11. নিচের প্রশ্নগুলির উত্তর দিন। 5x2=10

a) সঘোষ ব্যঞ্জনধ্বনি কাকে বলে?

b) সন্ধ্যাভাষার পরিচয় প্রদান করুন।

c) বাংলাদেশে আগত মোঙ্গোলীয় জাতির মানুষদের সম্পর্কে যা জানেন লিখুন।

d) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের একগুঁয়ে মানসিকতার পরিচয় দিন।

e) কাজিরাঙ্গাতে লেখিকা নবনীতা দেবসেনের কি অভিজ্ঞতা হয়েছিল লিখুন।

12. টীকা লিখুন - 5

ভেড্ডিড, লোকসঙ্গীত, কালীপ্রসন্ন সিংহ, চণ্ডীমঙ্গল, ধ্বনি ও বর্ণ

13. নিচের প্রবাদ দ্বারা অর্থসহ বাক্যরচনা করুন - 5

অতি লোভে তাঁতী নষ্ট, আপনি বাঁচলে বাপের নাম, অতি দর্পে হত লঙ্কা, এক ঢিলে দুই পাখি মারা, চোর পালালে বুদ্ধি বাড়ে, চোরের মায়ের বড় গলা

× × × × ×